

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৪  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

২৪ ভাদ্র ১৪২৬ বং

নং- ১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৪২৫

তারিখঃ -----

০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সকল জেলা জজ আদালত/বিভাগীয় বিশেষ জজ আদালত ও ট্রাইব্যুনালের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ফিডার পদধারীদের (নাজির/সাঁটলিপিকার) হালনাগাদ পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সকল জেলা জজ আদালত/বিভাগীয় বিশেষ জজ আদালত ও ট্রাইব্যুনালের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ফিডার পদধারীদের (নাজির/সাঁটলিপিকার) হালনাগাদ পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতের জন্য চাকুরী সংক্রান্ত তথ্য (সরকারি চাকুরীতে যোগদানের তারিখ, ফিডার পদে যোগদানের তারিখ, সরকারি চাকুরী ও ফিডার পদে চাকুরীর অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা(পাসের সনসহ), প্রার্থীর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা/দুদকের মামলা চলমান আছে কিনা অথবা ইতোপূর্বে এ ধরনের কোন মামলায় শাস্তিপ্রাপ্ত কিনা) ইত্যাদি নির্ধারিত ফর্মে সুস্পষ্টভাবে উল্লেখসহ সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য যে, যে সমস্ত কর্মচারী জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর প্রথম তফসিলের "ক" অংশের ১ নং ক্রমিকের কলাম ৫-এ বর্ণিত শর্তানুযায়ী জেলা জজ আদালতের নাজির হিসাবে ০২(দুই) বছরসহ ২২(বাইশ) বছর অথবা জেলা জজ বা বিভাগীয় বিশেষ জজ বা অতিরিক্ত জেলা জজ বা সাব-জজ(যুগ্ম জেলা জজ) আদালতে সাঁটলিপিকার হিসাবে ২২(বাইশ) বৎসরের চাকুরীকাল অতিক্রম করেছেন, কেবল তারাই ফিডার পদধারী হিসাবে বিবেচিত হবেন।

সংযুক্তিঃ ০১ (এক) ফর্দ।

  
(কাজী মুশফিক মাহবুব রবিন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৪১৬

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. জেলা ও দায়রা জজ (সকল) -----।
২. মহানগর দায়রা জজ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল ও সিলেট।
৩. বিভাগীয় বিশেষ জজ (সকল) -----।
৪. বিচারক (জেলা ও দায়রা জজ), জননিরাপত্তা বিপ্লবকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল) -----।
৫. বিচারক (জেলা ও দায়রা জজ) দ্রুত বিচার ট্রাইব্যুনাল(সকল) -----।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

জ্ঞাতার্থেঃ-

১. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

ছক-১

ক্রমিক নং	চাহিত তথ্যাদির বিবরণ
১.	আদালতের নাম :
২.	আপনার জেলায় প্রশাসনিক কর্মকর্তার পদ শূন্য আছে কিনা হ্যাঁ/না; টিক (✓) চিহ্ন দিন।
৩.	প্রশাসনিক কর্মকর্তা কর্মরত থাকলে তিনি ফিডার পদধারী কোন গ্রুপেরঃ নাজির/ সাঁট-লিপিকার; টিক (✓) চিহ্ন দিন।
<b>ছক-২ (ফিডার পদধারী প্রত্যেক কর্মচারীর জন্য পৃথক তথ্য দিতে হবে)</b>	
১.	আদালতের নাম :
২.	ফিডার পদধারী কর্মচারীর নাম :
৩.	পদবী :
৪.	নিবাস (নিজ জেলার নাম) :
৫.	জন্ম তারিখঃ
৬.	শিক্ষাগত যোগ্যতা(পাসের সনসহ) :
৭.	সরকারি চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও পদবী :
৮.	ফিডার পদে যোগদানের তারিখ ও পদবী :
৯.	ফিডার পদে চাকুরীকাল (বৎসর, মাস ও দিন) :
১০.	বর্তমান পদসহ মোট চাকুরীকাল (বৎসর, মাস ও দিন) :
১১.	০১-০১-২০১৪ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ করতে হবে (প্রতিবেদনে স্বাক্ষরকারী/প্রতিস্বাক্ষরকারী অফিসারের নামযুক্ত সীল থাকতে হবে)।
১২.	প্রস্তাবিত প্রার্থী/প্রার্থীদের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/ফৌজদারী মামলা/দুদকের মামলা নেই বা ইতঃপূর্বে এ ধরনের কোন মামলায় শাস্তিপ্রাপ্ত নন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ (ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ) কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র (নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) :
১৩.	মন্তব্য :

(নিয়োগকারী কর্তৃপক্ষের নামযুক্ত সীল ও স্বাক্ষর)

LS